

০৫/১১ - ১০/১১ - ১১/১১/২০২২

প্রিয় মহোদয়

আমাদের শুভেচ্ছা জানবেন।

বাংলাদেশের শিক্ষার্থীদের গাণিতিক মেধার উৎকর্ষ বৃদ্ধি এবং আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে (আইএমও) বাংলাদেশের প্রতিনিধি পাঠানোর উদ্দেশ্য নিয়ে ২০০৪ সালে শুরু হওয়া 'ডাঃ-বাংলা ব্যাংক-প্রথম আলো গণিত উৎসব' ইতিমধ্যে শিক্ষার্থীদের প্রাণের উৎসবে পরিণত হয়েছে। দেশের সর্বস্তরের মানুষের ভালোবাসায় ধন্য এ উৎসবের প্রাথমিক লক্ষ্য, শিক্ষার্থীদের মধ্যে গণিতের প্রতি আকর্ষণ ফিরিয়ে আনা, এই অর্জন অনেকখানি সফল হয়েছে। এ ছাড়া ২০০৫ সাল থেকে আইএমওতে অংশ নিচ্ছে বাংলাদেশ দল। এ পর্যন্ত আইএমওতে বাংলাদেশ ১টি সোনা, ৭টি রুপা, ৩২টি ব্রোঞ্জ ও ৩৮টি সম্মানসূচক স্বীকৃতি লাভ করেছে।

আগামী বছর আইএমওতে বাংলাদেশ দল পাঠানোর লক্ষ্যে দেশব্যাপী গণিত উৎসবের কার্যক্রম শুরু হয়েছে। এই আয়োজনে অংশ নেওয়ার জন্য সারা দেশের আগ্রহী শিক্ষার্থীদের : online.matholympiad.org.bd এই ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের শেষ সময় ২৩ ডিসেম্বর ২০২২।

অনলাইনে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিয়ে অনলাইনে বাছাইপর্ব অনুষ্ঠিত হবে। বাছাইপর্বের বিজয়ীদের নিয়ে সরাসরি আঞ্চলিক উৎসব এবং আঞ্চলিক পর্বের বিজয়ীদের নিয়ে জাতীয় উৎসব আয়োজন করা হবে।


এই আয়োজনে চারটি ক্যাটাগরিতে শিক্ষার্থীরা অংশ নেয়। ক্যাটাগরিগুলো হলো :

ক্যাটাগরি	বাংলা মাধ্যম	ইংরেজি মাধ্যম
ক. প্রাইমারি	তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি বা সমমান	Std. III- Std. V
খ. জুনিয়র	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি বা সমমান	Std. VI- Std. VIII
গ. সেকেন্ডারি	নবম, দশম শ্রেণি ও এসএসসি পরীক্ষার্থী বা সমমান	O Level and O level's Examinee
ঘ. হায়ার সেকেন্ডারি	একাদশ, দ্বাদশ শ্রেণি ও এইচএসসি পরীক্ষার্থী বা সমমান	A Level and A level's Examinee

- চিঠির সঙ্গে একটি পোস্টার পাঠানো হলো। পোস্টারটি আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে সাঁটানোর জন্য অনুরোধ করছি।

আপনার সেকেন্ড ডিফারেনশিয়াল নেগেটিভ হোক।

ধন্যবাদসহ



মুনির হাসান

সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি

প্রধান সমন্বয়ক, ডিজিটাল ট্রান্সফরমেশন ও যুব কার্যক্রম, প্রথম আলো